

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

নথি নং-১৮.৭০৭.০৪৭.০০.০০.৩২৮.২০২৫/২৭০

তারিখঃ ১/১/২০২৫খ্রিঃ

জনাব শহীদ আলম ফকির
লক্ষর
নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ
বিআইডব্লিউটিএ, বরিশাল
(বর্তমান কর্মস্থল, ভোলা টার্মিনাল)।

বিষয়ঃ অভিযোগনামা।

যেহেতু, আপনি জনাব শহীদ আলম ফকির, লক্ষর, নৌ সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল, (বর্তমান কর্মস্থল, ভোলা টার্মিনাল) স্থায়ী ঠিকানাঃ পিতাঃ মৃত-মোতাহার ফকির(নয়া ফকির), গ্রাম-ঘটকের আন্দুয়া, উপজেলা-মির্জাগঞ্জ, জেলা-পটুয়াখালী এর বিরুদ্ধে কর্মস্থলে উপস্থিত না থাকা, গ্রামের বাড়ীতে বসে সন্ত্রাসী চাঁদাবাজি, মারামারি এবং অন্যের গাছ কাটা সংক্রান্ত বিষয়ে এলাকাবাসীর পক্ষে জনাব গাজী জামাল উদ্দিন, গ্রাম-ঘটকের আন্দুয়া, উপজেলা-মির্জাগঞ্জ, জেলা-পটুয়াখালী (মোবাইল নংঃ ০১৭১৬-৩০৪২৪৬) কর্তৃক আনীত অভিযোগগুলো তদন্ত করার লক্ষ্যে ২(দুই) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়;

যেহেতু, তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের সুপারিশে আপনার বিরুদ্ধে গাছ কাটা নিয়ে অভিযোগকারীদের সাথে হাতাহাতির ঘটনা এবং উক্ত দিনে কর্মস্থলে অনুপস্থিত থাকার সত্যতা পাওয়া যায়; যেহেতু উক্ত অভিযোগের প্রেক্ষিতে আপনার নামে গত ২৪/০২/২০২৫খ্রিঃ তারিখ বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, পটুয়াখালীতে একটি মামলা রঞ্জু করা হয় (যার মামলা নং-সি.আর ৪৮/২০২৫); যেহেতু মামলাটি বর্তমানে তদন্তনাধীন রয়েছে; এতে কর্তৃপক্ষের সুনাম ক্ষুণ্ণ হয়, যা কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী শৃঙ্খলা বিধির পরিপন্থি;

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৫(ক) এবং ৩৫(খ) প্রবিধান অনুসারে যথাক্রমে "দায়িত্ব পালনে অবহেলা" এবং "অসদাচরণ" এর আওতাভুক্ত;

সেহেতু, উল্লিখিত কর্মকাণ্ডের জন্য বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১)(আ) প্রবিধান অনুযায়ী আপনার প্রতি যে কোন গুরু দণ্ড কেন আরোপ করা হবে না অত্র অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে তার জবাব প্রদানের জন্য বলা হলো।

স্বাক্ষরিত
(কমডোর আরিফ আহমেদ মোস্তফা)
চেয়ারম্যান
বিআইডব্লিউটিএ।

অনুলিপি

- ০১। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা
(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০২। পরিচালক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৩। যুগ্ম-পরিচালক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল।
- ০৪। সমন্বয় কর্মকর্তা(উপ-পরিচালক), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৫। উপ-পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল।
- ০৬। ব্যক্তিগত নথি।


২০/১/২০২৫
(কাজী ওয়াকিল নওয়াজ)
পরিচালক(প্রশাসন ও মানবসম্পদ)
বিআইডব্লিউটিএ।